**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 23 JUNE 2026 ,TUESDAY | ২৩ জুন ২০২৬ ,মঙ্গলবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-201


## রাজ্য বাজেটে আলিপুরদুয়ারের জন্য নতুন আশার আলো

**মেডিক্যাল কলেজ ,হাসিমারা বিমানবন্দর ,জয়গাঁয় পুরসভা**



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন :** সোমবার পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত উপস্থাপিত প্রথম রাজ্য বাজেট আলিপুরদুয়ার জেলা ও ডুয়ার্স অঞ্চলে ব্যাপক আশাবাদের সঞ্চার করেছে। স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, নগরোন্নয়ন এবং আদিবাসী কল্যাণে একাধিক গুরুত্বপূর্ণ ঘোষণার মাধ্যমে এই বাজেটকে যুগান্তকারী বলে মনে করছেন এলাকার বাসিন্দারা।সবচেয়ে উল্লেখযোগ্য ঘোষণাগুলির মধ্যে রয়েছে আলিপুরদুয়ারে একটি মেডিক্যাল কলেজ স্থাপন। দীর্ঘদিন ধরে জেলার মানুষের এই দাবি ছিল। প্রস্তাবিত মেডিক্যাল কলেজটি জেলার স্বাস্থ্য পরিকাঠামোকে আরও শক্তিশালী করবে, চিকিৎসা পরিষেবার সুযোগ বৃদ্ধি করবে এবং উচ্চশিক্ষার নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আশা করা হচ্ছে।বাজেটের আরেকটি বড় ঘোষণা হল হাসিমারা বিমানবাহিনী ঘাঁটিতে যাত্রীবাহী টার্মিনাল নির্মাণের জন্য ২৫ একর জমি হস্তান্তরের সিদ্ধান্ত। এর ফলে বহু বছর ধরে বাণিজ্যিক বিমান পরিষেবা চালুর ক্ষেত্রে যে জটিলতা ছিল, তা দূর হবে।উৎসবের আবহে আরও একটি গুরুত্বপূর্ণ ঘোষণা হল ভারত-ভুটান সীমান্তবর্তী গুরুত্বপূর্ণ বাণিজ্যিক শহর জয়গাঁকে পুরসভার মর্যাদা প্রদান। প্রস্তাবিত পুরসভাটি জয়গাঁ-১ ও জয়গাঁ-২ গ্রাম পঞ্চায়েতের পাশাপাশি ডালসিংপাড়া গ্রাম পঞ্চায়েতকে অন্তর্ভুক্ত করে গঠিত হবে বলে জানা গেছে।কালচিনি বিধায়ক ও মন্ত্রী বিশাল লামা এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে বলেন, পুর প্রশাসন চালু হলে রাস্তা, নিকাশি ব্যবস্থা, পানীয় জল সরবরাহ এবং বর্জ্য ব্যবস্থাপনার মতো নাগরিক পরিষেবার উল্লেখযোগ্য উন্নতি হবে ,যা বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়ক হবে।

## মহাসড়কের কাজ চলছে ধীরগতিতে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন :** মহাসড়ক তৈরি হচ্ছে ধীরগতিতে আর এর ফলেই হয়রানি হতে হচ্ছে দূরপাল্লার গাড়িচালকদের। মহাসড়কের মহাকাল চৌপথী এলাকায় তৈরি হচ্ছে ওভারব্রিজ। শামুকতলা থেকে এই ওভারব্রিজের নিচ দিয়েই গিয়ে মূল রাস্তায় উঠতে হয় গাড়িচালকদের। ওভারব্রিজের নিচে জমে রয়েছে এক হাঁটু জল আর এর ফলেই বিপাকে পড়ছেন বাইক চালক থেকে শুরু করি টোটো এবং অটোচালকরা। মহাসড়কের কর্তৃপক্ষের উদাসীনতায় যেকোনো সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটবে ওই এলাকায় আশঙ্কা করছে আমজনতা।

## পশ্চিমবঙ্গে বিজেপি সরকারের প্রথম রাজ্য বাজেট ২০২৬-২৭



**এই যুগ ,কলকাতা ,২২ জুন :** সোমবার রাজ্য বিধানসভায় বিজেপি সরকারের প্রথম রাজ্য বাজেট ২০২৬-২৭ পেশ করলেন অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। সরকারি সূত্রে জানা গেছে রাজ্যের উপর ৮ লক্ষ ৫৫ হাজার কোটি টাকার ঋণের বোঝা নিয়ে ৪ লক্ষ ৩৮ হাজার কোটি টাকার কিছুটা বেশী পরিমাণ টাকার বাজেট পেশ করা হয় । পশ্চিমবঙ্গের ঐতিহ্য ,সংস্কৃতি ছাড়াও রাজ্যের হারিয়ে যাওয়া গরিমা এবং সময়ের ডাক অর্থাৎ প্রয়োজনের প্রাসঙ্গিকতা কে গুরুত্ব দেওয়া হয়েছে বলে মনে করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।এছাড়াও তিনি জানান ,"নাগরিকদের সুরক্ষা ,মর্যাদা ,ভয়মুক্ত পরিবেশ এবং রাজ্যের সংস্কৃতির পুনরুত্থান বিষয় গুলোর দিকেও বাজেটে বিশেষ ভাবে দৃষ্টিপাত করা হয়েছে। একদিকে যেমন শিল্প ও কৃষক কে অগ্রাধিকার দেওয়া হয়েছে তেমনি উল্লেখযোগ্য ভাবে গুরুত্ব দেওয়া হয়েছে শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবায়।" বাজেটে সিভিক ভলান্টিয়ারদের ২০০০ ও আশাকর্মীদের মাসিক ভাতা ৫০০০ টাকা বৃদ্ধি করা হয়েছে।অন্নপূর্ণা যোজনা ৩০০০ ,বার্ধক্য ও প্রতিবন্ধী ভাতা ৫০০ ও যুব শক্তি ২০০০ ও ৩০০০ টাকা । এছাড়াও রাজ্য সরকারি কর্মচারীদের জন্য অতিরিক্ত শতকরা ২০ ভাগ ডিএ ঘোষণার ফলে মোট ডিএ দাড়াবে শতকরা ৩৮ শতাংশ ,যা কার্যকর হবে এবছর ১ অক্টবর থেকে।সাধারণ মানুষ এই বাজেট কে জনকল্যাণমুখী বাজেট বলে আখ্যা দিয়েছেন এবং মুখ্যমন্ত্রী কে আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

## এসআইআর এ বিচারাধীন এবং বাতিল হওয়া সমস্ত বৈধ ভোটারদের শীঘ্রই ভোটার তালিকায় নাম নথিভুক্ত করার দাবীতে বিক্ষোভে ফরওয়ার্ড ব্লক




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২২ জুন :** এস আই আর এ বিচারাধীন এবং বাতিল হওয়া সমস্ত বৈধ ভোটারদের শীঘ্রই ভোটার তালিকায় নাম নথিভুক্তি করণ । এছাড়াও ভারত ও বাংলাদেশের মধ্যে ছিটমহল বিনিময়ের মাধ্যমে ভারতের নাগরিকত্ব দেওয়ার পরও যে সমস্ত বৈধ ভোটারদের নাম এস আই আর এ বিচারাধীন এবং বাতিল হয়েছে ,শীঘ্রই ভোটার তালিকায় সেই সমস্ত বৈধ ভোটারদের নাম নথিভুক্তিকরণ প্রভৃতি বিষয় নিয়ে আজ দিনহাটা মহকুমা শাসক দপ্তরে বিক্ষোভ ডেপুটেশন প্রদান করা হয় সারা ভারত ফরওয়ার্ড ব্লক দিনহাটা মহকুমা শাখার পক্ষ থেকে ।

# তৃণমূলের নেতা পানীয় জলের কল বিক্রি করে দিয়েছেন সরকারি জমি সমেত



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন :** তৃণমূলের আমলে বিক্রি করে দেওয়া জায়গা সহ ডিপ টিউবওয়েল উদ্ধার নিয়ে সালিশি সভা হলো ৩১ নম্বর জাতীয় সড়কের পারোকাটা চৌপথী এলাকায়। প্রায় ৫ থেকে ৬ বছর আগে জাতীয় সড়কের পাশে একটি ফাঁকা জায়গায় একটি ডিপ টিউবওয়েল বসানো ছিল । এলাকার তৃণমূল নেতা সেই জায়গা বিক্রি করে দেয় ডিপ টিউবওয়েল সমেত এক ব্যবসায়ীর কাছে। সরকার পরিবর্তন হওয়ার পরেই এবার পানীয় জলের কল সহ জায়গা উদ্ধার করার কাজে নেমেছেন এলাকার অন্যান্য ব্যবসায়ীরা। রীতিমতো সালিশি সভা বসে ৩১ নম্বর জাতীয় সড়কের পারোকাটা চৌপথি এলাকায় । ঘন্টাখানেক ধরে বৈঠকের পর সিদ্ধান্ত হয় আগামী কিছুদিনের মধ্যেই পানীয় জলের কল সহ সরকারি জায়গা ছেড়ে দেওয়া হবে ব্যবসায়ীর পক্ষ থেকে।

# নাবালক টোটো চালককে আটক পুলিশের, অবরোধ টোটো চালকদের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন :** অবরোধের ১০ মিনিটের মধ্যেই অবরোধ স্থলে এসে অবরোধকারীদের হটিয়ে দিল পুলিশ। ঘটনাটি ঘটেছে শামুকতলা থানার মহাকাল চৌপথী এলাকায়। এক টোটো চালককে আটক করে রেখেছে পুলিশ এবং জাতীয় সড়কে চলার মত অনুমতি দিতে হবে টোটো চালকদের । এমন দাবি নিয়েই পথ অবরোধ হয়েছিল শামুকতলা থানার মহাকাল চৌপথী এলাকায়। অবরোধের কথা শুনে শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক ঘটনাস্থলে পৌঁছে অবরোধ কারীদের হটিয়ে দিল। পুলিশের পাল্টা অভিযোগ নাবালক টোটো চালক জাতীয় সড়কে টোটো চালাচ্ছে আর সেই দৃশ্য চোখে পড়ার পরেই পুলিশ নাবালক টোটো চালককে আটক করে রেখেছে ফাঁড়িতে। পরবর্তীতে তার অভিভাবক এসে প্রতিশ্রুতি দিয়েছেন তার নাবালক ছেলেকে আর টোটো দিবেন না এরপরই পুলিশ টোটো সহ নাবালক চালককে ছেড়ে দিয়েছে। সূত্রের খবর শামুকতলা থানা এলাকায় কয়েকশো টোটো রয়েছে। এরমধ্যে শতকরা ১০ জন নাবালক টোটো চালক রয়েছে। নাবালক টোটো চালকদের বিরুদ্ধে পুলিশ অভিযান অব্যাহত থাকবে এমনটাও জানা গেছে।

# বেপাত্তা পঞ্চায়েত সমিতির সভাপতি




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন :** ভোট গণনার পরদিন থেকেই আলিপুরদুয়ার দু'নম্বর পঞ্চায়েত সমিতিতে পঞ্চায়েত সমিতির সভাপতি কে দেখা যায় না। আর এর ফলেই বিপাকে পড়েছেন সাধারণ মানুষ বিভিন্ন কাজে পঞ্চায়েত সমিতিতে এসে। তাছাড়া পঞ্চায়েত সমিতির সভাপতি না আসায় উন্নয়ন মূলক কাজও আটকে গেছে। আলিপুরদুয়ার ২ পঞ্চায়েত সমিতি তৃণমূলের দখলে ছিল। গত তিন বছরে কোটি টাকার দুর্নীতি হয়েছ পঞ্চায়েত সমিতির বিভিন্ন উন্নয়নমূলক কাজে। টেন্ডার দুর্নীতি, চা সুন্দরী প্রকল্পের দুর্নীতি, ব্লক ক্যাম্পাস থেকে গাছ বিক্রি নিয়ে দুর্নীতি, পঞ্চায়েত সমিতির পক্ষ থেকে দোকান ঘর টেন্ডার নিয়ে দূর্নীতি সহ পলিথিন বন্টন নিয়ে দুর্নীতি প্রকাশ্যে এসেছে। এমনকি পঞ্চায়েত সমিতির সভাপতির স্বামীর বিরুদ্ধে নানা রকম দুর্নীতির অভিযোগ পুলিশের কাছে দায়ের হওয়ার পরেই তিনি রহস্য জনক ভাবে নিখোঁজ হয়ে গেছেন। আলিপুরদুয়ার দুই ব্লকের রাজধানী টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের যশোডাঙ্গা। ইতিমধ্যে গ্রাম পঞ্চায়েত দফতর থেকে প্রধান উপপ্রধান সহ ৩ জন পঞ্চায়েত সদস্য ইস্তফা দিয়েছেন। এদিকে পঞ্চায়েত সমিতিতে কোন সদস্য ইস্তফা না দিলেও পঞ্চায়েত সমিতি অফিসে দেখা যায় না কোন তৃণমূল সদস্যকে। ফলে সাধারণ মানুষ বিভিন্ন কাজে পঞ্চায়েত সমিতিতে এসেও বিমুখ হয়ে ফিরে যাচ্ছেন। রীতিমতো উৎ পেতে রয়েছেন সাধারণ মানুষ থেকে শুরু করে বিজেপি কর্মীদের একাংশ। গত কয়েকদিন আগে গ্রাম পঞ্চায়েত প্রধানকে ডিম ছুড়েছিলেন বিজেপি কর্মীরা। এদিকে ব্লক ক্যাম্পাসে পঞ্চায়েত সমিতির ঘরের পাশেই কে বা কারা ডিম রেখে দিয়েছেন। পঞ্চায়েত সমিতি থেকে বিমুখ হয়ে ফিরে যাওয়া মানুষেরা ভালোভাবে নিচ্ছেন না পঞ্চায়েত সমিতির কর্মকর্তা দের কার্যকলাপ কে। যদিও বিষয়টি নিয়ে আলিপুরদুয়ার দুই ব্লকের বিডিও কিছু বলতে রাজি হননি। তবে বিজেপির পঞ্চায়েত সমিতির সদস্যরা বলছেন সৎ সাহস নেই সভাপতির । তাছাড়া তার স্বামী দুর্নীতিগ্রস্ত হওয়ার দরুণ অভিযোগ দায়ের হয়েছে।



# জাতীয় সড়কে গাড়ি চালানোর অনুমতি দেওয়ার দাবিতে টোটো চালকদের অবরোধ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন :** রাজ্য সরকারের নির্দেশে টোটো চালকরা জাতীয় সড়কে টোটো চালাতে পারবে না। আর এর ফলেই বিপাকে পড়েছেন কয়েকশো টোটো চালক। সলসলাবাড়ি বাজার সহ দুর্গাবাড়ি মহাকাল চৌপথি এলাকায় যেতে হলে জাতীয় সড়কের উপর দিয়েই গাড়ি চালাতে হয়। তাছাড়া জাতীয় সড়কের পাশেই সলসলাবাড়ি বাজার। সোমবার বেলা সাড়ে দশটা নাগাদ আলিপুরদুয়ার মহাকাল চৌপথী রাজ্য সড়ক অবরোধ করেন টোটো চালকরা। ফলে আলিপুরদুয়ার থেকে বারবিশা এবং শামুকতলা যাতায়াতকারী গাড়িগুলো আটকে যায়। হয়রানির শিকার হন সাধারন মানুষ গাড়িচালক। সিপিআইএম নেতা মনোরঞ্জন বিশ্বাসের নেতৃত্বে এদিনের এই পথ অবরোধে দুই শতাধিক টোটো চালক শামিল হয়েছেন। বর্তমান সরকারের বিরুদ্ধে স্লোগান দিয়েছেন টোটো চালকরা। যদিও ঘন্টাখানেক অবরোধ চলার পর আলিপুরদুয়ার পুলিশের সঙ্গে আলোচনার ভিত্তিতে অবরোধ তুলে নেন টোটো চালকরা।

# বক্সার জঙ্গলে বাইসনের হানায় মৃত্যু একজনের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ জুন :** বক্সার জঙ্গলের ভেতরে বন্যপ্রাণী হানায় মৃত্যু হল এক ব্যাক্তির। রাজাভাত খাওয়ার বাসিন্দা গণেশ মালপরিয়া তিন দিন থেকে নিখোঁজ। শনিবার রাতে বক্সা জঙ্গলে বনকর্মীরা টহলদারি দেওয়ার সময় জঙ্গলে ভেতরে তার মৃতদেহ দেখতে পায়। কালচিনি থানার পুলিশ পৌছে মৃতদেহ উদ্ধার করে। অনুমান বাইসনের হানায় তার মৃত্যু হয়েছে। মৃতদেহ ময়নাতদন্তের জন্য আজ আলিপুরদুয়ার জেলা হাসপাতাল পাঠানো হয়েছে। অস্বাভাবিক মৃত্যুর দরুণ শোকস্তব্ধ হয়ে গেছে তার পরিবার।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |